

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৭০৭

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৭. প্রথম অনুচ্ছেদ - মসজিদ ও সালাতের স্থান

بَابُ الْمُسَاجِدِ وَمَوَاضِعِ الصَّلَاةِ

আরবী

وَعَنْ جَابِرٍ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «مَنْ أَكَلَ مِنْ هَذِهِ الشَّجَرَةِ الْمُنْتِنَةِ فَلَا يَقْرَبَنَّ مَسْجِدَنَا فَإِنَّ الْمَلَائِكَةَ تَتَأَذَّى مِمَّا يَتَأَذَّى مِنْهُ الْإِنْسُ»

বাংলা

৭০৭-[১৯] জাবির (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যে ব্যক্তি এই দুর্গন্ধময় গাছের (পেঁয়াজ বা রসূনের) কিছু খাবে সে যেন আমাদের মসজিদের নিকটবর্তী না হয়। কারণ মালায়িকাহ্ (ফেরেশতাগণ) কম্ট পান যেসব জিনিসে মানুষ কম্ট পায়। (বুখারী ও মুসলিম)[1] (মুত্তাফাকুন আলায়হি ৫৬৪)

ফটনোট

[1] সহীহ: বুখারী ৮৫৪, মুসলিম ৫৬৪, ইবনু মাজাহ্ ৩৩৬৫, ইবনু হিব্বান ২০৮৬, আহমাদ ১৫০১৪, সহীহ ইবনু খুযাইমাহ্ ১৬৬৮; শব্দবিন্যাস মুসলিমের।

ব্যাখ্যা

ব্যাখ্যা: মুসলিমের বর্ণনায় এসেছে, যে পিঁয়াজ রসুন ও দুর্গন্ধযুক্ত শিকড় সমৃদ্ধ এক প্রকার গাছ ভক্ষণ করলো।

হাদীস প্রমাণ করে যে, রসুন বা অন্যান্য সবজি যাতে দুর্গন্ধ রয়েছে তা' পাক করে খাওয়া বৈধ এবং বাসায় থাকলে পাক না করেও খাওয়া বৈধ। আর মসজিদে উপস্থিতির সময় যেন রান্নাকৃত হয় যাতে এ খাবারের দুর্গন্ধ মানুষ ও মালাককে কষ্ট না দেয়। আর নিষেধটা হলো কাঁচা রসুন বা এ জাতীয় কিছু সবজি খেয়ে মসজিদে আসা। মূলত রসুন পিঁয়াজ অনুরূপ সবজি খাওয়া হালাল। রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর বক্তব্য, হে লোক সকল! আল্লাহ যা আমার জন্য হালাল করেছেন তা আমার জন্য হারাম করা বৈধ নয়।



হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন